

সমাজকল্যাণ বিষয়ক মাদারীপুর জেলার শিবচর উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঃ ফাহিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান শিবচর, মাদারীপুর।
সভার স্থান	ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শিবচর, মাদারীপুর।
সভার তারিখ ও সময়	ঃ ০৯/০২/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১০ঃ০০ ঘটিকা
উপস্থিত সদস্যগণ	ঃ পরিশিষ্ট 'ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠিত হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃষ্টীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্যসচিব আলোচ্য বিষয়ের উপর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।।

উপজেলা সমাজসেবা অফিসার সমাজসেবা অধিদফতরের বিভিন্ন কার্যক্রম তথা- বয়স্কভাতা, বিধবা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি, নিবন্ধিত স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠান, নিবন্ধিত বেসরকারী এতিমখানাসহ অন্যান্য কার্যক্রমের বাস্তবায়ণ কৌশল, নীতিমালা, বর্তমান অবস্থা ও বিদ্যমান সমস্যাসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে শিবচর উপজেলায় ১৪,১৩১ জন বয়স্কভাতা, ৪৪৩৭ অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, ৫৫২৯ জন বিধবা ভাতা এবং ৭১ জন কে প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি মোবাইল ফিল্ডাসিয়াল সিস্টেম বিকাশের মাধ্যমে ২য় কিস্তির ভাতার অর্থ প্রদান করা হয়েছে। মোবাইলের মাধ্যমে টাকা দেওয়া ভাতাভোগী মারা গেলে সঠিক সময়ে জানা সম্ভব হচ্ছে না এত করে মৃত ভাতাভোগীর বিকাশ নাম্বারে টাকা যাচ্ছে। এছাড়াও সভায় সমাজসেবা অফিসার জানান, রোগী কল্যাণ সমিতি থেকে অসহায় রোগীদের বিনামূল্যে চিকিৎসা সহায়তা প্রদান করা হচ্ছে। ৫ টি ক্যাপিটেশন প্র্যান্ট এতিমখানার নিবাসীদের বরাদ্দ পাওয়া গেছে। এবং এতিমখানা কর্তৃপক্ষ কে বরাদ্দকৃত টাকাও প্রদান করা হয়েছে।

অতঃপর আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০১। যে সমস্ত ইউনিয়নে মৃত ভাতাভোগীর তালিকা পাওয়া যায় নি, সে সমস্ত ইউনিয়নের চেয়ারম্যানদের কে চিঠি পাঠানোর জন্য সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয়।

০২। এতিমখানাগুলোতে এতিমছাত্র থাকে কিনা, নিশ্চিত হয়ে বিল প্রদান করার জন্য সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ফাহিমা আক্তার)

সভাপতি

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

শিবচর, মাদারীপুর।

তারিখঃ ০৯/০২/২০২২খ্রিঃ

স্মারক নং- ৪১.০১.৫৪৮৭.০০০.০৬.০৫৪.১৬ ৫৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

০৩। অফিস কপি।







(শাহ আলম)

উপজেলা সমাজসেবা অফিসার

শিবচর, মাদারীপুর।

০৭-০২-২০২২ তারিখের সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতি সদস্যদের স্বাক্ষর

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব ফাহিমা আক্তার মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর	সভাপতি	
০২	জনাব মোঃ জাকির হোসেন হায়দার চেয়ারম্যান, বহেরতলা উত্তর ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৩	জনাব কোহিনুর হাওলাদার চেয়ারম্যান, সন্যাসিরচর ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৪	জনাব আঃ রহিম বেপারী চেয়ারম্যান, ভদ্রাসন ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৫	জনাব শাহ আলম উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য সচিব	